I am **Santosh Sarker**. **Shefali** is my wife. We came from the village of Guzrut, under P.S. & District of Mymensingh. My wife first complained about chest pain. She was seen by a gynaecologist at Mymensingh and was given some medicines, who advised her to have some tests. Afterwards, she was diagnosed as having a tumor inside her breast and that it should immediately be removed. Upon having gone through a histopathology test after operation, it was detected that she had cancer. She has to have six chemotherapies and was advised to go to Dhaka for radiotherapy. But sky had fallen upon us when it was advised that we have to stay at Dhaka for at least a month during the radiotherapy sessions. At this point of great crisis, a friend of mine gave me the address of '**Mosabbir Cancer Care Center**' at Dhanmondi, Dhaka. We rushed there and went through a long session (for radiotherapy) at **Dhaka Medical College Hospital (DMCH)** staying at the centre free of cost. This institution (Mosabbir Cancer Care) is an excellent place for poor patients and their attendants, which, in addition to care and **free-of-cost** stay during the treatment period, helps patients to reach and return from other bigger hospital, **free of cost** by its own ambulance. We have liked the institution very much and the help and kind support they provide are simply superb. I along with my wife often **pray to Allah** for **Mosabbir Cancer Care Center**, So that they continue in this mission in future. We will remain ever grateful to this noble institution.



ব্লাড ক্যান্সার

অধ্যাপক ডাঃ কাজী মুশতাক হোসেন, ক্যান্সার বিশেষজ্ঞ
বিভাগীয় প্রধান, ক্যান্সার বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা



রক্ত কোষের বিশেষ করে রক্তের শ্বেত কনিকার সংখ্যা অস্বাভাবিক হারে বৃদ্ধি পায় এমন ক্যান্সারকে ব্লাড ক্যান্সার বা রক্তের ক্যান্সার বলা হয়। এটি রক্ত বা অস্থি মজ্জার ক্যান্সার। এর উৎপত্তি হয়েছে গ্রীক শব্দ লিউকস অর্থাৎ সাদা এবং এ্যামিয়া অর্থাৎ রক্ত এই দুটো শব্দ থেকে।

এপিডেমিওলজী : ১৯৯৮ সালের একটি হিসাব অনুযায়ী ঐ বৎসর আমেরিকায় প্রায় ৩০,০০০ মানুষ ব্লাড ক্যান্সারে আক্রান্ত হয় এবং প্রায় ২২,০০০ মানুষ মারা যায়। ২০০৪ সালের একটি হিসাব অনুযায়ী ঐ বৎসর আমেরিকায় প্রায় ৩৩,০০০ মানুষ ব্লাড ক্যান্সারে আক্রান্ত হয় এবং প্রায় ২৩,০০০ মানুষ মারা যায়। প্রতি লক্ষ লোকের মধ্যে প্রায় ১০ জন এই রোগে ভুগছেন।

কারা ব্লাড ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকিতে রয়েছেন : অন্যান্য ক্যান্সারের মত ব্লাড ক্যান্সারের প্রকৃত কারণ জানা যায়নি তবে কিছু রিস্ক ফ্যাক্টর জানা গেছে। এগুলো হচ্ছে উচ্চ মাত্রার বিকিরণ বা রেডিয়েশন এর শিকার হওয়া, যেমন - পারমানবিক বোমা বিস্ফোরন বা পারমানবিক চুল্লির দুর্ঘটনা, কিছু কিছু রাসায়নিক পদার্থ, যেমন-কীটনাশক এবং বেনজিন, ফরমালডিহাইড ইত্যাদির ব্যবহার, কেমোথেরাপিতে ব্যবহৃত কিছু ওষুধ, ডাউন সিনড্রোম নামক এক ধরণের বংশগত রোগ ও মায়েলডিসপাসটিক সিনড্রোম, ফ্যানকনি এনিমিয়া নামক রোগে আক্রান্তরা এ রোগের শিকার হতে পারে। এছাড়া হিউম্যান টি সেল লিউকেমিয়া ভাইরাস ১ নামের একটি ভাইরাস সংক্রমের ফলে সি এল এল টাইপের ব্লাড ক্যান্সার হয়ে থাকে। অনেক ক্ষেত্রেই দেখা গেছে যারা কোন রিস্ক ফ্যাক্টরের সংস্পর্শে রয়েছে তাদের ব্লাড ক্যান্সার হয়নি বরং যাদের হয়েছে তারা কোন রকমের রিস্ক ফ্যাক্টরের সংস্পর্শে ছিলেন না।

রক্তের ক্যান্সার প্রধানত ৪ প্রকারের : একিউট লিম্ফোবাস্টিক লিউকেমিয়া বা এ এল এল এই ধরণের ব্লাড ক্যান্সারে শিশুরাই বেশী আক্রান্ত হয়। চিকিৎসা করলে শতকরা ৮৫ ভাগ রোগী ভালো হয়। ৬৫ বৎসরের বেশী বয়সী লোকদের এ রোগ হতে পারে এবং বড়দের ক্ষেত্রে নিরাময়ের হার প্রায় ৫০ ভাগ।

ক্রনিক লিম্ফোবাস্টিক লিউকেমিয়া বা সি এল এল প্রধানত বয়স্করাই বিশেষ করে ৫৫ বৎসরের বেশী বয়সীরা এই রোগে আক্রান্ত হয়। তরুণেরা কিছু আক্রান্ত হলেও শিশুরা এ রোগে আক্রান্ত হয় না। মহিলাদের তুলনায় পুরুষরা বেশী আক্রান্ত হয়। চিকিৎসা করলে শতকরা ৭৫ ভাগ রোগী ৫ বৎসর পর্যন্ত বেঁচে থাকে।

একিউট মায়েলোবাস্টিক লিউকেমিয়া বা এ এম এল - শিশুদের চেয়ে বড়রা এবং মহিলাদের তুলনায় পুরুষরা এই ধরণের ব্লাড ক্যান্সারে বেশী আক্রান্ত হয়। চিকিৎসা করলে শতকরা ৪০ ভাগ রোগী ৫ বৎসর পর্যন্ত বেঁচে থাকে।

ক্রনিক মায়েলোবাস্টিক লিউকেমিয়া বা সি এম এল - প্রধানতঃ বয়স্করাই বেশী আক্রান্ত হয় তবে শিশুরাও অল্প বিস্তারিত আক্রান্ত হয়। এই রোগের আধুনিক চিকিৎসা বেড়িয়েছে এবং চিকিৎসা করলে শতকরা ৯০ ভাগ রোগী ৫ বৎসর পর্যন্ত বেঁচে থাকে।

হেয়ারী সেল লিউকেমিয়া নামে আরেক রকমের ব্লাড ক্যান্সার আছে যাকে সি এল এল এর একটি টাইপ বলা হয়। ৮০ ভাগ ক্ষেত্রে প্রাপ্ত বয়স্করাই বেশী আক্রান্ত হয়। শিশুরা আক্রান্ত হয় না বললেই চলে। চিকিৎসা করলে শতকরা ৯০ থেকে ৯৬ ভাগ রোগী ১০ বৎসর পর্যন্ত বেঁচে থাকে।

ব্লাড ক্যান্সারের লক্ষণ : রক্তের কোষের সংখ্যা এবং শরীরের কোথায় তারা জমাছে তার উপর নির্ভর করে এ রোগের অনেক রকমের লক্ষণ দেখা দিতে পারে যেমন- জ্বর, মাথা ব্যথা, অতিরিক্ত ঘেমে যাওয়া, দুর্বলতা, প্রায়ই বিভিন্ন রকমের ইনফেকশনে ভোগা, দাঁতের মাড়ি থেকে রক্তক্ষরণ এবং সামান্য আঘাতেই রক্তক্ষরণ, শরীরের বিভিন্ন জয়েন্টে বা গিরায়ে ব্যথা, লিভার ও স্প্লিন বা প্লিহা বড় হয়ে যাওয়ার ফলে পেটে অস্বস্তি অনুভব করা, বিভিন্ন স্থানের লিম্ফ নোড বা লসিকা গ্রন্থি বিশেষ করে ঘাড়ের লসিকা গ্রন্থি ফুলে যাওয়া, ওজন কমে যাওয়া, রক্তশূণ্যতা এবং শ্বাস কষ্ট হওয়া।

রোগ নির্ণয় : অন্যান্য রোগের মত ব্লাড ক্যান্সার নির্ণয়ের জন্য রোগীর ব্যক্তিগত ইতিহাস, পারিবারিক ইতিহাস, শারীরিক পরীক্ষা এবং কিছু টেস্ট করতে হয়। রক্তের কিছু পরীক্ষার মাধ্যমে শ্বেত কনিকার সংখ্যা এবং রক্তশূণ্যতা নির্ণয় করা যায়। এছাড়া অস্থি-মজ্জা পরীক্ষা অবশ্যই করতে হবে। পেটের আলট্রাসোনোগ্রাম, বুকের এক্সরে বা সিটি স্ক্যান, সেরিব্রোস্পাইনাল ফ্লুইড পরীক্ষা এবং রক্তের কোষের বা অস্থিমজ্জা বা লিম্ফ নোডের কোষের ক্রোমোজোম পরীক্ষার মাধ্যমে ব্লাড ক্যান্সার সঠিক ভাবে নির্ণয় করা যায়।

চিকিৎসা : ব্লাড ক্যান্সারের চিকিৎসা বেশ জটিল। সাধারণত চারটি পর্যায়ে ভাগ করে এর চিকিৎসা করা হয়। প্রধানতঃ কেমোথেরাপি, রেডিওথেরাপি এবং ইমিউন থেরাপির সাহায্যে এর চিকিৎসা করা হয়। রোগকে নিয়ন্ত্রন করার পর দীর্ঘ দিন চিকিৎসা চালাতে হয় এবং ফলো-আপ করতে হয়। অস্থিমজ্জা পাল্টানো এই রোগের চিকিৎসার একটি গুরুত্বপূর্ণ অংশ। এর পাশাপাশি রোগীর রক্তশূণ্যতার চিকিৎসা করতে হয়। রোগীর পুষ্টির দিকে লক্ষ্য রাখতে হবে। পারিবারিক এবং সামাজিক ভাবে সাপোর্ট রোগীকে মানসিকভাবে সুস্থ করে তুলবে।

ব্লাড ক্যান্সার বা অন্যান্য কোন ধরণের ক্যান্সারের প্রতিরোধ করার জন্য খুব বেশী কিছু করণীয় নাই। সব রকমের রিস্ক ফ্যাক্টর থেকে দূরে থাকলেও ক্যান্সার হতে পারে। তাই বলে আমাদের জানা রিস্ক ফ্যাক্টরগুলিকে অবহেলা করা উচিত হবে না। বিকিরণ নিরাপত্তার সর্বোচ্চ ব্যবস্থা বাস্তবায়নসহ সব রকমের বিষাক্ত পদার্থের উৎপাদন ও ব্যবহার নিষিদ্ধ করতে হবে। চিকিৎসা ব্যবস্থার আধুনিকায়ন এবং সাধারণ মানুষের নাগালের মধ্যে রাখার ব্যবস্থা করতে হবে যাতে করে প্রয়োজনের সময় সবাই চিকিৎসা নিতে পারে।



ফুসফুসের ক্যান্সার

ডাঃ রকিব উদ্দীন আহমেদ

সহযোগী অধ্যাপক, ঢাকা মেডিকেল কলেজ

বাংলাদেশে ক্যান্সার রোগীদের মধ্যে ফুসফুসের ক্যান্সার অন্যতম এবং ক্যান্সারজনিত মৃত্যুর মধ্যে প্রধান। বাংলাদেশে ক্যান্সার আক্রান্ত পুরুষ রোগীদের মধ্যে ফুসফুসের ক্যান্সার-ই প্রথম। মেয়েদের মধ্যেও এ রোগের সংখ্যা কম নয় এবং ক্রমাগত বাড়ছে। সাধারণত: ৫০-৭০ বৎসর বয়সের মধ্যেই এ রোগে আক্রান্ত হবার সম্ভবনা বেশি।


কারণসমূহ :

- ১) **ধূমপান** - প্রায় ৮৭% ফুসফুসের ক্যান্সারের জন্যই ধূমপান দায়ী। যে যত বেশি ধূমপান করে তার এই ক্যান্সার-এ আক্রান্ত হবার সম্ভবনা বেশি। একদিন কতগুলো সিগারেট খাচ্ছেন এবং কতদিন ধরে খাচ্ছেন এটি বিবেচ্য বিষয়। উদাহরণস্বরূপ বলা যেতে পারে যিনি প্রতিদিন ১ প্যাকেট সিগারেট খাচ্ছেন তার ফুসফুসের ক্যান্সার হবার প্রবণতা একজন অধূমপায়ীর তুলনায় ২০ গুন।
- ২) **পরোক্ষ ধূমপান** - ফুসফুসের ক্যান্সারের জন্য প্রায় ৫ ভাগ দায়ী। যারা সরাসরি ধূমপান করেন না কিন্তু ধূমপায়ীদের সংগে বসবাস বা এসংগে কাজ করেন তাদেরও ফুসফুসের ক্যান্সার এর প্রবণতা বেশী এবং এ ধরনের ঝুঁকির সম্ভবনা অধূমপায়ীদের তুলনায় প্রায় ৩০ ভাগ।
- ৩) **এসবেস্টাস (Asbestos)** - এসবেস্টাস-এর সংস্পর্শে এ ফুসফুসের ক্যান্সার হ'তে পারে।
- ৪) **ইউরেনিয়াম** - যারা ইউরেনিয়াম খনিতে কাজ করেন, তাদের ফুসফুসের ক্যান্সারের ঝুঁকি বেশি।
- ৫) **র্যাডন (Radon) গ্যাস** - বাসাবাড়িতে অতিমাত্রায় র্যাডন গ্যাসের সংস্পর্শে ফুসফুসের ক্যান্সার হ'তে পারে।
- ৬) **জীনগত পরিবর্তন (Genitic Mutation)** - কিছু জীনগত পরিবর্তন ফুসফুস ক্যান্সারের জন্য দায়ী

ধরণ : ফুসফুসের ক্যান্সার দুই ধরণের -

- ১) **নন-স্মল সেল (Non-small Cell Type)**
- ৮৫%
- ২) **স্মল সেল (Small Cell)**
- ১৫%

এ দুই ধরনের ক্যান্সারের চিকিৎসা পদ্ধতি এবং চিকিৎসার ফলাফল একেবারেই ভিন্ন।



লক্ষণসমূহ :

ক্যান্সার অর্থাৎ টিউমারটি ফুসফুসের কোন জায়গায় অবস্থিত এবং এটির বিস্তৃতি (**extention**) কেমন তার উপর ভিত্তি করেই লক্ষণসমূহ প্রকাশ পায়। প্রধান লক্ষণসমূহ হ'ল -


- ১) **কাশি (Cough)**
- ৮০ ভাগ ফুসফুসের ক্যান্সার রোগীই কাশিতে আক্রান্ত হয়।
- ২) শ্বাসকষ্ট
- ৩) রক্ত যাওয়া
- ৪) বুকে ব্যথা
- ৫) জ্বর
- ৬) স্বর ভেঙ্গে যাওয়া
- ৭) বুকে পানি আসা



ক্যান্সার রোগটি যদি ফুসফুস হ'তে অন্য কোন স্থানে ছড়িয়ে যায় যেমন হাড়িতে, মাথায় বা লিভার-এ তবে হাড়িতে ব্যথা, মাথা ব্যথা বা অজ্ঞান ও জন্ডিস নিয়েও আসতে পারে।

রোগ নির্ণয় : প্রথমেই রোগীর পূর্ণাঙ্গ ইতিহাস ও শারীরিক পরীক্ষা করে নিতে হবে। তারপর নীচের পরীক্ষাগুলোর মাধ্যমেই ফুসফুসের ক্যান্সার নিশ্চিত করা হয়

- ১) বুকের এক্সরে (X-'ray chest)
- ২) ফুসফুসের সিটি স্কান (CT-scan)
- ৩) PET-scan - আজকাল বাংলাদেশে PET-scan হয় এবং এ পরীক্ষার মাধ্যমে রোগের বিস্তৃতি (Extention) ভালোভাবে বুঝা যায়।
- ৪) Bronchoscopy (ব্রোংকোসকপি)- এর মাধ্যমে ফুসফুসের বায়োপসি করা যায়।
- ৫) এছাড়া বিভিন্ন রুটিন রক্তের পরীক্ষা করা হয় (চিকিৎসার জন্য)
- ৬) রোগটি অন্য কোন স্থানে ছড়িয়েছে কিনা সেজন্যে কিছু পরীক্ষা করা হয়
- ৭) ফুসফুসের ক্যান্সার নিশ্চিত করা এবং এর ধরণ বুঝার জন্য সাধারণত:
CT Guided FNAC বা Core biopsy করা হয়।



আজকাল Core biopsy-এর উপর জোর দেওয়া হচ্ছে কারণ এর মাধ্যমেই আমরা I.H.C করে মুখে খাবার ট্যাবলেটের দ্বারা চিকিৎসা করতে পারি।

চিকিৎসা : ফুসফুসের ক্যান্সার চিকিৎসা নির্ভর করে তিনটি বিষয়ের উপর।

- ১) ক্যান্সারের ধরণের উপর (Histology)
- ২) ক্যান্সারের স্টেজ (stage) বা বিস্তৃতি (Extention) -এর উপর
- ৩) রোগীর শারীরিক অবস্থার উপর




ধরণ ও staging-এর উপর নীচের চিকিৎসার মাধ্যমেই ফুসফুসের চিকিৎসা করা হয়।

- ১) স্মল সেল (small cell) ফুসফুসের ক্যান্সারে chemotherapy - এর মাধ্যমেই চিকিৎসা করা যায়।
- ২) নন-স্মল সেল (Non-small cell) ক্যান্সারের ক্ষেত্রে stage - অনুযায়ী নীচের চিকিৎসা করা হয়।
 - ১) সার্জারী (Surgery) : সার্জারী-ই এ ধরণের ক্যান্সারের প্রধান চিকিৎসা। সার্জারীর মাধ্যমে সুস্থ থাকার সম্ভবনা বেশি।
 - ২) রেডিওথেরাপি (Radiotherapy)
 - ৩) কেমোথেরাপি (Chemotherapy)
 - ৪) Targeted (Targeted therapy)-এটি মুখে খাবার ওষুধ
 - ৫) রোগীর শারীরিক অবস্থা ভালো না থাকলে আমরা 'Supportive treatment' দিয়ে থাকি। 'Palliative care' এক্ষেত্রে ভালো ভূমিকা রাখে।
 - ৬) ক্যান্সারটি হাজিঁ বা মাথায় চলে গেলে আমরা Urgent Radiotherapy-এর মাধ্যমেই চিকিৎসা দিয়ে থাকি।
 - ৭) চিকিৎসা পরবর্তী follow-up এ ক্যান্সারের একটি গুরুত্বপূর্ণ অংশ।

প্রতিরোধ :

আমাদের দেশের অধিকাংশ জনগণই দরিদ্র। ক্যান্সার চিকিৎসা একটি দীর্ঘমেয়াদী এবং খরচ সাপেক্ষ বিষয়। যেহেতু ফুসফুসের ক্যান্সারের জন্য ধূমপান-ই সরাসরি দায়ী - তাই আমরা ধূমপান বর্জন-এর উপর গুরুত্ব আরোপ করতে পারি।

- ১) সিগারেট -এর উপর সর্বোচ্চ Tax নির্ধারণ
- ২) পাবলিক (Public) Place-এ ধূমপান নিষিদ্ধ করা।
- ৩) অধূমপায়ীদের উৎসাহিত করা
- ৪) ধূমপায়ীদের জন্য নির্দিষ্ট জায়গা নির্ধারণ করা
- ৫) জরিমানা বাড়ানো এবং আদায়ের জন্য কড়াকড়ি আরোপ করা
- ৬) স্কুল কলেজে স্বাস্থ্য শিক্ষা দেওয়া



"ধূমপান বর্জন" এ হোক ফুসফুসের ক্যান্সার চিকিৎসার প্রধান হাতিয়ার।
এ ব্যাপারে সব মহলের সর্বোচ্চ সহযোগিতা আমাদের কাম্য।

৯৯.৯%
জীবাণু ধ্বংসকারী

ক্লোটেক

- ১ হাসপাতাল, ক্লিনিক, বাড়ী পরিষ্কার ও জীবাণুমুক্ত করে।
- ২ পানি সম্পূর্ণ জীবাণুমুক্ত করে।
- ৩ আর্সেনিকযুক্ত এলাকায় নিরাপদ পানির উৎস।



ব্যাকটেরিয়া, ভাইরাস
ও ফাংগাস
সকলের বিরুদ্ধেই কার্যকর
সুরক্ষা



গ্লোবাল হেভী কেমিক্যালস লিমিটেড
৩৭, সেগুন বাগিচা, ঢাকা-১০০০
অপসোনিং গ্রুপের একটি প্রতিষ্ঠান

মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টার

কর্ম-তৎপরতার সংক্ষিপ্ত বিবরণী এবং প্রতিবেদন ২০১৭

ডা: সৈয়দ আনিসুর রহমান

এক যুগেরও উর্কে আমরা গরীব সুবিধাবঞ্চিত ক্যান্সার রোগীদের পাশে আছি। দেশের দুরদূরান্ত থেকে দরিদ্র ও অসহায় ক্যান্সার রোগীরা এ কেন্দ্র থেকে চিকিৎসাকালীন সময়ে বিনামূল্যে আবাসনের ব্যবস্থা ছাড়াও কেমোথেরাপি প্রয়োগ, রক্ত ট্রান্সফিউশন, প্রয়োজনে কেমোথেরাপির ওষুধ ক্রয় করে দেওয়া হয়। এছাড়া পরীক্ষা নিরীক্ষা ও চিকিৎসা ক্ষেত্রে বিভিন্ন প্রকার সহায়তা করে আসছি। এছাড়া ক্যান্সার রোগের প্রতিরোধ ও প্রতিকার সম্পর্কে সাধারণ জনগনকে সচেতন করার লক্ষ্যেও প্রতিষ্ঠানটি বছরব্যাপি নিয়মিত কর্মসূচী গ্রহন করে থাকে। এই বছর এ সেন্টার থেকে মোট ২৯৫ জন ক্যান্সার রোগীকে সেবা প্রদান করা হয়েছে। এদের মধ্যে পুরুষের সংখ্যা ১৩৯ জন মহিলার সংখ্যা ১১১ জন এবং শিশু ৪৫ জন।

স্বরণী : ১

২০১৭ সালের পুরুষ, মহিলা ও শিশু রোগীর পরিসংখ্যান



মোট ১৩৯ জন পুরুষ রোগীদের মধ্যে ৩০ জন ফুসফুস ও ৩০ জন শ্বাসনালীর ক্যান্সার রোগী সেবার জন্য অত্র কেন্দ্রে আসেন। অবশিষ্ট রুগীরা বিভিন্ন অঙ্গে ক্যান্সার নিয়ে এখানে অবস্থান করেন।

মোট ১১১ জন মহিলার মধ্যে সবচেয়ে বেশী রোগী আসেন ব্রেস্ট ক্যান্সার ৪৪ জন, এরপর জরায়ুর ক্যান্সার নিয়ে আসেন ৩২ জন। অবশিষ্ট রুগীরা বিভিন্ন অঙ্গে ক্যান্সার নিয়ে এখানে অবস্থান করে। শিশুদের ৪৫ জনই রক্তের ক্যান্সার নিয়ে আসেন।

ভায়া টেস্ট ও ব্রেস্ট পরীক্ষা :

গত বছর (২০১৬) সালে ১০ জন মহিলার ভায়া টেস্ট ও CBE টেস্ট করা হয়েছিল। এ বছর তা ২৭ জন দাঁড়িয়েছে। কোন পজেটিভ কেস পাওয়া যায়নি।

কেমোথেরাপি প্রদান ও আর্থিক সহায়তা :

১৩ জন ভর্তি রোগীকে আবাসন ফ্রি ক্লিনিক চার্জ ও কেমোথেরাপি ক্রয় বাবদ ১৩৫, ২৬০.০০ টাকা সহায়তা প্রদান করা হয়। এবং এই কেন্দ্রে বিনামূল্যে ০৮টি কেমোথেরাপি রোগীকে প্রদান করা হয়।

এ্যাম্বুলেন্স সুবিধা :

রোগীদের যাতায়াতের জন্য নামমাত্র (Participatory) ফিতে এ্যাম্বুলেন্সে আনা নেওয়া করা হয়। ঢাকা মেডিকেল কলেজে রেডিওথেরাপির জন্য এ বছর রুগীর সংখ্যা ৬৪৬ জন। এবছর এ্যাম্বুলেন্সে যাতায়াত করেছে ২২০০ কিঃ মিঃ।

স্বাস্থ্য শিক্ষা :

- প্রতি সপ্তাহের বৃহস্পতিবার কেন্দ্রে রোগীদের স্বাস্থ্য শিক্ষা ও সেবা প্রদান করা হয়।
- ভর্তিকালীন সময় নতুন রুগীকে স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়।
- লিফলেট বিতরণ

গণসচেতনতা :

- ক্যাম্পার সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা, সেমিনার, মেডিকেল ক্যাম্প আয়োজনসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়।
- লঞ্চ, বাসস্ট্যান্ড ইত্যাদি স্থানসহ বিভিন্ন জনবহুল স্থানে ক্যাম্পার সচেতনতা বিষয়ক লিফলেট ও পোস্টার বিলি করা হয়।
- ডিসচার্জ রোগীদের মাধ্যমে লিফলেট ও পোস্টার বিলি
- বিভিন্ন হাসপাতালে লিফলেট বিলি



অন্যান্য কার্যক্রম ও মেডিকেল ক্যাম্প :


২০১৪ সাল থেকে এবি ব্যাংকের সহায়তায় ও মোসাব্বির ক্যাম্পার কেয়ার সেন্টারের উদ্যোগে প্রতিমাসের প্রথম শুক্রবার সর্বসাধারণ, বিশেষ করে দরিদ্র জনগণের জন্য বিনামূল্যে স্বাস্থ্য সেবা ও ঔষধ প্রদান করা হয়। উক্ত ক্যাম্পে বিভিন্ন বিষয়ের বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা (মেডিসিন, সার্জারী, গাইনী, শিশু, চক্ষু, নাক-কান-গলা, চর্ম, কার্ডিওলজি ও দন্ত ইত্যাদি বিভাগে) চিকিৎসা সেবা প্রদান করা হয়।

স্মরণীয় : ২০১৭ সনের প্রতিমাসের প্রথম শুক্রবার লিঙ্গভিত্তিক উক্ত কেন্দ্রে সেবাপ্রাপ্ত রুগীর সংখ্যা

পুরুষ	মহিলা	শিশু	মোট রুগীর সংখ্যা	চশমা প্রদান
৩৯১ জন	৭৭৯ জন	১৮৩ জন	১৩৫৩ জন	১৫৫ জন

গত ২০১৪ থেকে ২০১৭ সন পর্যন্ত প্রতিমাসের প্রথম শুক্রবার উক্ত কেন্দ্রে থেকে ৩৩০৬ জন স্বাস্থ্য সেবা গ্রহণ করেছেন।

স্মরণীয় : ২০১৪ থেকে ২০১৭ সন পর্যন্ত বছর ভিত্তিক প্রাপ্ত রোগীর ডাটা



এ বছর প্রবল বর্ষনের কারণে কেন্দ্রের বাহিরে (ঢাকা শহরের উপকণ্ঠে) কোন ক্যাম্প করা সম্ভব হয়নি।



আমাদের এই ফ্রি ফ্রাইডে ক্লিনিক পরিচালনা করতে এবি ব্যাংকের সাথে কয়েকটি ওষুধ কোম্পানী এগিয়ে এসেছে।

তাদের মধ্যে উল্লেখযোগ্য -

- ১। এ্যারিস্টোফার্মা লিঃ
- ২। অপসোনিন গ্রুপ
- ৩। এসিআই
- ৪। ইউনিমেড ও ইউনিহেলথ

আমরা আশা করি অন্যান্য ওষুধ কোম্পানীগুলো এই মানবিক কার্যক্রমে অংশগ্রহণ করতে এগিয়ে আসবেন।

ডায়াগনস্টিক ল্যাব কার্যক্রম :

এবি ব্যাংকের সহায়তায় ২০১২ সাল থেকে ৫০% ডিসকাউন্টে এমসিসিসির নিজস্ব রোগী ছাড়াও বাইরের রোগীদের ল্যাব সুবিধা প্রদান করা হয়। ২০১৭ সনে মোট ৮৩ জন রোগীকে ডায়াগনস্টিক ল্যাব সেবা প্রদান করা হয়।

পুরুষ	মহিলা	শিশু	মোট
২৪	৫৭	২	৮৩

সেমিনার :

গত ১৫ সেপ্টেম্বর ২০১৭ সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ইংরেজী পত্রিকা 'দি ডেইলিস্টার' সেন্টারে আজিমুর রহমান মিলনায়তনে " ক্যালার আক্রান্ত একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন ও ক্যালার প্রতিরোধে সচেতন নাগরিক গণমাধ্যমের ভূমিকা" শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়েছিল। আলোচ্য অনুষ্ঠানে সমাজের বিভিন্ন পেশায় নিয়োজিত গণ্যমান্য ব্যক্তি, গণমাধ্যমে কর্মরত ব্যক্তিবর্গ, বিশেষজ্ঞ ডাক্তার ও সুশীল সমাজের প্রতিনিধিদের আমন্ত্রন জানানো হয়েছিল।

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর সাবেক রাষ্ট্রপতি ও দেশ বরণ্য ব্যক্তিত্ব এবং প্রখ্যাত চিকিৎসক অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী আলোচ্য অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে অংশগ্রহণ করেছিলেন।



স্তন ক্যান্সার ও খাদ্য



অধ্যাপক ডাঃ মোলা ওবায়দুল্লাহ বাকী
সভাপতি, বাংলাদেশ ক্যান্সার সোসাইটি
মহাসচিব ও নির্বাহী প্রধান

প্রফেসর ডাঃ ওবায়দুল্লাহ-ফেরদৌসী ফাউন্ডেশন গোপালগঞ্জ

স্তন ক্যান্সার

সারা বিশ্বের জন্য এক মস্তবড় স্বাস্থ্য সমস্যা। ক্যান্সার চিকিৎসায় অভূতপূর্ব সাফল্যের পরও গত আট দশক ধরে মহিলাদের মাঝে এ ক্যান্সারের প্রকোপ অব্যাহতভাবে বেড়েই চলেছে। উন্নত বিশ্বের তুলনায় বাংলাদেশে স্তন ক্যান্সার কম পরিলক্ষিত হলেও মহিলাদের মাঝে জরায়ু মুখের ক্যান্সারের পরই দ্বিতীয় স্থান দখল করে আছে। অন্যান্য ক্যান্সারের মত স্তন ক্যান্সারের কোন প্রতিষেধক এখনও আবিষ্কার না হলেও মোটামুটি সন্তোষজনক ঔষুধ আবিষ্কার করতে সক্ষম হয়েছেন চিকিৎসা বিজ্ঞানীরা। তবুও আমেরিকাসহ উন্নত বিশ্বে মহিলাদের ক্যান্সার জনিত মৃত্যুর প্রায় এক-তৃতীয়াংশ দখল করে আছে স্তন ক্যান্সার। জনসংখ্যার বিচ্ছিন্নে ক্ষত-বিক্ষত আমাদের বাংলাদেশসহ তৃতীয় বিশ্বের অন্যান্য অনূন্নত দেশে ক্যান্সার চিকিৎসার অপ্রতুলতার কারণে এবং ক্যান্সার চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল হওয়াতে ক্যান্সার আক্রান্ত রোগীদের অধিকাংশ ক্ষেত্রে ভয়াবহ পরিণতি ভোগ করতে হয়। তাই "প্রতিকারের চেয়ে প্রতিরোধই উত্তম" এ শ্লোগানের সফল প্রয়োগের উদ্যোগ নেয়াই অধিকতর শ্রেয় বলে আমি মনে করি, আর এ লক্ষেই আমার লেখা। ১৯৬০ইং সন থেকেই বিজ্ঞানীরা খাদ্যদ্রব্য, পুষ্টি উপাদান, ভিটামিন, খনিজদ্রব্য, খাদ্যের রঞ্জকদ্রব্য ইত্যাদি নিয়ে গবেষণা করে আসছেন। অনেক গবেষণা, অনেক পরীক্ষা-নিরীক্ষার পর এটা স্পষ্ট হয়ে উঠেছে যে, খাদ্যের অভ্যাস ও ক্যান্সার এ দুটোর মধ্যে বেশ ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। কি ধরনের খাবার বেশী খেলে কি ধরনের ক্যান্সার বেশী হয়, আবার কোন খাবার না খেলে বা কম খেলে কোন ক্যান্সার কম হয় বিজ্ঞানীদের কাছে তা দিন দিন পরিষ্কার হয়ে উঠছে। বর্তমানে বিজ্ঞানীরা জোর গলায় বলছেন যে, সঠিক খাবার-দাবার স্তন, ফুসফুস, অন্ত্র এবং অগ্নাশয় ক্যান্সার প্রতিরোধ করতে সক্ষম।

কিছু সংখ্যক ইপিডেমিওলজিক্যাল জরিপে দেখা যায় যে, রজঃ পরবর্তী স্তন ক্যান্সারের সাথে খাবারের প্রানীজ মাংস, প্রানীজ চর্বি ও স্থলকায় দেহের নিবিড় সম্পর্ক রয়েছে। জীবজন্তুর উপর পরীক্ষা নিরীক্ষা করে দেখা গেছে, যে সকল প্রানী চর্বি জাতীয় খাবার বেশী খায় তাদের স্তন ক্যান্সার বেশী হয়। ৭৫০ জন ইতালীয় মহিলাদের উপর পরিচালিত এক জরিপেও দেখা গেছে, যারা প্রানীজ চর্বি বেশী খেয়েছেন তাদের মাঝে স্তন ক্যান্সারের প্রকোপ অনেক বেশী। তদ্বিতীয়ভাবে, স্তন ক্যান্সার সৃষ্টির পিছনে প্রানীজ চর্বির একটি নির্দিষ্ট ভূমিকা রয়েছে। প্রানীজ সম্পৃক্ত চর্বি রক্তে এন্ড্রোডিয়ল হরমোনের উচ্চমাত্রা সৃষ্টিতে সহায়তা করে যা পরবর্তীতে কারসিনোজেন হিসাবে কাজ করে স্তন ক্যান্সার সৃষ্টিতে অগ্রনী ভূমিকা পালন করে। চীনের ৬৪ প্রদেশের এক সমীক্ষায় স্তন ক্যান্সারের সাথে অতিরিক্ত চর্বি জাতীয় খাবারের সংশ্লিষ্টতা কিছুটা হলেও প্রমাণিত হয়েছে। মাঝামাঝি পরিমানের অধিক এলকোহল বা মদ নিয়মিত গ্রহন করলে স্তন ক্যান্সারের ঝুঁকি বৃদ্ধি পায়। আমেরিকার হার্ভার্ড স্কুল অব পাবলিক হেল্থ এর এক জরিপে দেখা যায় দিনে দুবার মদ্য পান করলে মহিলাদের স্তন ক্যান্সারের ঝুঁকি শতকরা ২০ ভাগ বেড়ে যায়। সকল গবেষনাকারী একমত যে, অতিরিক্ত মদ্য পান করলে স্তন ক্যান্সারের ঝুঁকি অবশ্যই বৃদ্ধি পায়। খাদ্যে ভিটামিন এ ও ই এর অভাব ও কম আঁশযুক্ত খাবারের সাথে স্তন ক্যান্সারের বিশেষ যোগসূত্র আছে বলে মনে করা হয়। তাছাড়া অধিক পরিমান কফি পান স্তন ক্যান্সারের ঝুঁকি অনেকাংশে বাড়িয়ে দিতে পারে। উপরোলিখিত ক্যান্সার সৃষ্টিকারী খাদ্যদ্রব্য দৈনন্দিন খাদ্য ভালিকা থেকে বাদ দিয়ে বা কমিয়ে স্তন ক্যান্সার বহুলাংশে প্রতিরোধ করা সম্ভব। এর পাশাপাশি কিছু কিছু খাদ্যদ্রব্য নিয়মিত খেলে স্তন ক্যান্সার প্রতিরোধে তা সহায়ক ভূমিকা পালন করতে পারে। এসব খাদ্য দ্রব্যের মধ্যে ফলমূল, শাক-সজি, গমের আটা, উদ্ভিদ জাতীয় তেল ও তেলজাত পদার্থ যেমন সয়াবিন, পাম অয়েল, নারিকেল অন্যতম।





স্তন ক্যান্সার পূর্ণাঙ্গ রূপ নিতে ৫-১৫ বছর কিংবা তার অধিককাল সময় নিতে পারে। এসব খাদ্যদ্রব্য বিভিন্ন ধরনের স্তন ক্যান্সার দানা বাঁধার প্রক্রিয়াকে বিভিন্ন ধাপে বাঁধাঘ্রস্ত করতে পারে। বিভিন্ন পর্যবেক্ষনে দেখা গেছে ফলমূল, শাক-সজি এবং আটায় যে আঁশ এবং পুষ্টি উপাদান রয়েছে সেগুলিই স্তন ক্যান্সার প্রতিরোধে অগ্রণী ভূমিকা পালন করে। বিজ্ঞানীরা আঁশযুক্ত খাবারের সাথে সেক্স হরমোনের সুনির্দিষ্ট সম্পর্ক খুঁজে পেয়েছেন। আঁশযুক্ত খাবার যেমন আটা, বাঁধাকপি, গাজর, শালগম ইত্যাদি বেশী খেলে রক্তে সেক্স হরমোন বিশেষ করে এন্ড্রোডিয়ল হরমোনের পরিমাণ কমে যায়। এ হরমোনকে স্তন ক্যান্সার সৃষ্টির কারন হিসাবে মনে করা হয়। ফলশ্রুতিতে স্তন ক্যান্সার সৃষ্টিতে বিপ্লের সৃষ্টি হয় এবং স্তন ক্যান্সারের আশংকা অনেকাংশে কমে যায়।

নিউইয়র্ক সিটির ইনস্টিটিউট ফর হরমোন রিসার্চ-এর এক পরীক্ষায় দেখা গেছে বাঁধাকপি থেকে উৎপন্ন উপাদান মহিলাদের শরীরে দেয়া হলে তা স্তন ক্যান্সার সৃষ্টিকারী হরমোন ইস্ট্রোজেন শতকরা ৫০ ভাগ কিংবা অধিকহারে শরীর থেকে বের করে দেয়। "জেনিস্টিন" নামক উপাদান বাঁধাকপিতে প্রচুর পরিমাণে বিদ্যমান যা স্তন ক্যান্সার প্রতিরোধে সহায়ক হিসাবে কাজ করে। আর বিটা ক্যারোটিন ও ভিটামিন ই হলো এন্টিঅক্সিডেন্ট যা মানব দেহের ফ্রি রেডিকেলকে নিষ্ক্রিয় করে স্তন ক্যান্সারের ঝুঁকিকে অনেকাংশে কমিয়ে আনতে পারে। কেননা ফ্রি রেডিকেলগুলো ক্যান্সার সৃষ্টিকারী বস্তু তৈরী করে। গাঢ় সবুজ শাক সজি, যেমন স্পিনিজ, ফুলকপি, লেটুস পাতা, উজ্জ্বল হলুদ, কমলা এবং লাল বর্নের শাক সজি যেমন গাজর, মিষ্টি আলু, কুমড়া ইত্যাদিতে প্রচুর পরিমাণ এন্টিঅক্সিডেন্ট রয়েছে। বিজ্ঞানীরা অভিমত ব্যক্ত করেছেন যে, যদি কোন মহিলা ভিটামিন ই নিয়মিত সেবন করেন তাহলে স্তন ক্যান্সার সৃষ্টির সম্ভবনা বহুলাংশে কমে যাবে। সয়াবিনে কমপক্ষে পাঁচটি ক্যান্সার বিরোধী উপাদান আছে বলে বিশ্বাস করা হয়। বিশেষজ্ঞরা মনে করেন, আমেরিকান মহিলাদের জাপানী মহিলাদের চেয়ে স্তন ক্যান্সার বেশী হবার কারন এটাই যে জাপানী মহিলারা বেশী করে সয়াবিন খান। সয়াবিনের রাসায়নিক গঠন ঔষুধের রাসায়নিক গঠনের মতই, যে ঔষুধ স্তন ক্যান্সার প্রতিরোধ করে এবং এর বিস্তৃতি বন্ধ করে দেয়। কোন কোন বিশেষজ্ঞদের মতে চর্বিযুক্ত মাছ বিশেষ করে কিছু কিছু সাগরের মাছ যাদের মধ্যে ওমেগা ও ফ্যাটি এসিড আছে সেগুলো নিয়মিত খেলে স্তন ক্যান্সারের ঝুঁকি কমে যায়।

বিশেষজ্ঞদের মতে প্রায় ৯০% ক্যান্সারের জন্যই দায়ী দৈনন্দিন খাবার-দাবার, জীবন যাত্রার পদ্ধতি ও পরিবেশগত প্রভাব এবং এগুলোর প্রায় ৮০-৮৫% এড়িয়ে চলা সম্ভব। দৈনন্দিন খাবার দাবার সহ জীবন যাত্রা প্রণালীর পরিবর্তন করে এবং ক্যান্সার সৃষ্টির কারনসমূহ এড়িয়ে চলে স্তন ক্যান্সারসহ অনেক ক্যান্সারকেই প্রতিরোধ করা যায়। তাই আসুন, ক্যান্সার সৃষ্টিকারী খাদ্যগুলো বর্জন ও যেসব খাদ্যদ্রব্য, ফলমূল ও শাক সজিতে ক্যান্সার প্রতিরোধের উপাদান আছে সেগুলো পরিমিতভাবে গ্রহন করে স্তন ক্যান্সারের অভিশাপ থেকে নিজেদের রক্ষা করি এবং সুস্থ জীবন গঠনে সচেষ্ট হই।

সাহায্যের জন্য আবেদন

সাতক্ষীরা জেলার অজ পাড়াগায়ের ভ্যান চালক দাউদ মীরের স্ত্রী সাজেদা বেগম জানতেন না তিনি উচ্চ রক্তচাপ রোগে ভুগছেন। হঠাৎ ২ বছর আগে যখন ষ্টোক হলো তখন জানলেন তিনি উচ্চ রক্তচাপ রোগে ভুগছেন। গ্রামের হাতুরে ডাক্তার তাকে ভেজে লবণ খেতে বলেন। তাই তিনি ভেজে লবণ খান। এক বছরের মধ্যে তার আবার ষ্টোক হলো। এবার বাম পাশ অবশ হয়ে গেলো। কয়েক মাস পরে বাম বগলে একটা দলা (টিউমার) দেখা দিল। তারা মনে করলো ফোঁড়া টোড়া হবে। কিন্তু তার না ছিল কোন জ্বর, না ছিল কোন ব্যথা। তবু দেখাতে গেলেন খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে। সেখানে অপারেশনের পরে হিষ্ট্রি প্যাথলজি করে ধরা পড়লো ক্যান্সার। খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে তাকে ৬টি কেমোথেরাপি দেওয়া হয়। পরবর্তী চিকিৎসার জন্য পাঠিয়ে দেওয়া হয় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে এবং সেখানে বহু পরীক্ষা নিরীক্ষার পর ২৫টি রেডিওথেরাপি দিতে বলা হয়। এই ২৫টি রেডিওথেরাপি

দিতে কম পক্ষে ৬০ দিন তাকে ঢাকায় থাকতে হবে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে এরকম রুগীর থাকার ব্যবস্থা নেই। অনেক ভাবনায় পড়েছিলেন। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেডিওথেরাপি বিভাগের একজন তাকে মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টারের খবর দেন। এখন তিনি এখানে অবস্থান করছেন। সদাশয় ব্যক্তির সাজেদার মত গরীব রুগীদের চিকিৎসা সেবার জন্য এগিয়ে আসবেন বলে আমরা আশা করছি।



সাজেদা বেগম



রহিমা বেগম

রহিমা বেগমের বয়স এখন ৩৮ বছর। ১৭ বছর আগে যখন তার বয়স ২১ ছিল, তখন তিনি গর্ভবতী। ৩ মেয়ের মধ্যে সবচেয়ে ছোট আজমিরী তখন মাতৃগর্ভে, ঠিক তখনই অঘটনটি ঘটে গেল তাদের সংসারে। সড়ক দুর্ঘটনায় মারা গেলো তার স্বামী। যেন সব কিছু ভেঙ্গে তছনছ হয়ে গেল। স্বস্তরবাড়ী থেকে বের করে দেওয়া হলো। কোন উপায় না পেয়ে উঠলো বাপের বাড়ী। বাপের অবস্থা তেমন ভাল নয়। তবু তিনি তো ফেলে দিতে পারেন না। রেখে দিলেন মেয়েকে। ততদিনে আজমিরী তখন দুনিয়ার আলো দেখে ফেলেছে। ৩ মেয়ে নিয়ে রহিমা বেগম বেঁচে থাকার পথ খুঁজতে লাগলেন। পেয়ে গেলেন গার্মেন্টসের চাকরী। চলে এলেন মুন্সীগঞ্জ, টঙ্গীবাড়ী থেকে ঢাকায়। ভালই চলছিল দুখের সংসার। ১৫ বছর টেনেটেনে গার্মেন্টসের চাকরীটা করলেন। কিন্তু অনিয়মিত রক্তশ্রাবের কারণে চাকরীটা আর ধরে রাখতে পারলেন না। ফিরে গেলেন আবার বাপের ভিটায়। মুন্সীগঞ্জের একটা ক্লিনিকে চিকিৎসা করাতে গেলেন। কতটুকু আমরা বলতে পারবো, কতটুকু আমরা সত্যিকারে উপস্থাপন করতে পারবো জানি না। চেষ্টা করবো বলতে। মুন্সীগঞ্জের সেই ক্লিনিকে ঢাকা থেকে ছুটে আসা ডাক্তার তার অপারেশন করেন। কি অপারেশন করা হলো আমরা জানি না। কেননা ১ বছর পরে ঢাকা মেডিকলে অপারেশন করে তার জরায়ু ফেলে দেওয়া হয় এবং বায়োপসি পরীক্ষা করা হয়। ধরা পড়ে ক্যান্সার। মহাখালী ক্যান্সার হাসপাতালে কেমোথেরাপি নেন এবং এখন রেডিওথেরাপি নিচ্ছেন। এখনও অনেকগুলো রেডিওথেরাপি নেওয়া বাকী। মাথার উপর রয়েছে ২ বিবাহযোগ্য মেয়ে। পয়সার অভাবে তাদের লেখাপড়া চাপে উঠেছে, তবু বিয়ে তো দিতে হবে। রহিমা বেগম এর মনের ইচ্ছা তিনি দেখে যেতে চান তার মেয়েদের বিবাহ। এ কাহিনী পড়ার পরে যে কোন সদাশয় ব্যক্তি এগিয়ে আসবেন রহিমা বেগমের চিকিৎসার জন্য অথবা তাদের কন্যাদের পড়ালেখা অথবা তাদের বিবাহের জন্য।



সৈয়দ সুমাইয়া ইসলাম

আসসালামু আলাইকুম, আমি সৈয়দ সুমাইয়া ইসলাম, রোগী পারভীন আক্তার এর মেয়ে। আমার নিজ গ্রামের নাম লাহড়িয়া, উপজেলা-লোহাগড়া, জেলা-নড়াইল। আমার মায়ের প্রাথমিক অবস্থায় বুকে ব্যথা হয়। স্থানীয় ডাক্তারের পরামর্শে সাধারণ ঔষধ খায়। ধীরে ধীরে চরম অবস্থার সম্মুখীন হয়। ডাক্তার দেখানোর পর কিছু পরীক্ষা নিরীক্ষা করাতে বলে। পরীক্ষা নিরীক্ষা করার পর ক্যান্সার ধরা পড়ে। প্রত্যেকের যেমন বিশ্বাস করতে কষ্ট হয় যে এত বড় একটা রোগ হয়েছে, তেমনি আমার ও আমার পরিবার প্রথমে বিশ্বাস করতে পারিনি তখন আমার মাকে নিয়ে ঢাকায় আসি এবং এখানে যে পরীক্ষা করতে দেয় তাতেও ক্যান্সার ধরা পড়ে। ঢাকাতে আমাদের কোন আত্মীয় স্বজন নেই। কোথায় থাকবো এই বিষয়ে খুবই চিন্তিত ছিলাম। একদিন সে ঢাকা মেডিকেল কলেজের অলকোলজি বিভাগের সামনে মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টার এর এ্যান্ডুলেস দেখতে পায়। তখন ড্রাইভার এর কাছ থেকে ঠিকানা পেয়ে এখানে চলে আসি। মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টার সম্পর্কে যতটা ভেবেছিলাম তার থেকে অনেক বেশি সুন্দর ও মনোরম পরিবেশ। এই সেন্টারের সবাই খুবই বন্ধুত্বসুলভ। এখানে রান্নার ব্যবস্থা ও খাদ্য সংরক্ষনের জন্য সু-ব্যবস্থা রয়েছে। এখানে বিনোদনের ব্যবস্থা আছে। সত্যি কথা আমরা এখানে থাকতে পেরে খুবই উপকৃত হয়েছি।

আমি সন্তোষ সরকার, রোগী শেফালী সরকার আমার স্ত্রী। আমার গ্রামের নাম সিকে গুজরুট, ধানা ও জেলা ময়মনসিংহ। আমার স্ত্রীর প্রাথমিক অবস্থায় বুকে ব্যথা হয়। ময়মনসিংহ হাসপাতালে গাইনী ডাক্তার দেখায় এবং কিছু পরীক্ষা নিরীক্ষা করতে বলে। পরীক্ষা নিরীক্ষা করার পর ডাক্তার আমাকে বলে আপনার স্ত্রীর ব্রেস্টে টিউমার হয়েছে, এটা অপারেশন করাতে হবে। অপারেশন করার পর টিউমার হিষ্টপ্যাথলজি পরীক্ষায় ক্যান্সার ধরা পড়ে। ক্যান্সার রোগে আক্রান্ত হওয়ার পর ৬টি কেমোথেরাপি পায়, রেডিওথেরাপি দেওয়ার জন্য আমরা ঢাকা আসি। কিন্তু রেডিওথেরাপির জন্য আমার স্ত্রীকে নিয়ে ঢাকায় এক মাসের জন্য থাকতে হবে। তাই আমি চিন্তায় পরে যাই। এমতাবস্থায় একজন ব্যক্তি আমাকে মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টারের খোঁজ দিলেন। আমরা সেখানে ভর্তি হই এবং ঢাকা মেডিকেল কলেজে নামমাত্র মূল্যে রেডিওথেরাপি দিচ্ছি। শুধু তাই নয়, সঠিক সময় মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টারের এ্যান্ডুলেসে করে আমাদেরকে ঢাকা মেডিকলে আনা নেওয়া করছে। এই প্রতিষ্ঠান অতি মনোরম ও সুন্দর পরিবেশে। এই প্রতিষ্ঠানে থেকে আমাদের খুব ভাল লেগেছে। এতে আমাদের কত যে উপকার হচ্ছে তা বলে বুঝানো যাবে না। আমি ও আমার স্ত্রী মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টারের জন্য সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা ও মঙ্গল কামনা করি। এই প্রতিষ্ঠান যেন এই ভাবে ক্যান্সার রোগীদের সেবা প্রদান করতে পারে। আমরা এই প্রতিষ্ঠানের জন্য চিরকৃতজ্ঞ থাকব।

সন্তোষ সরকার

এমসিসিসি এর লক্ষ্য ও বৈশিষ্ট্য

- ক্যান্সার আক্রান্ত রোগীদের চিকিৎসার ক্ষেত্রে সু-পরামর্শ ও সহযোগিতা প্রদান
- চিকিৎসা চলাকালীন সময়ে বিনামূল্যে আবাসন সুবিধা প্রদান
- প্রয়োজনীয় ডায়াগনস্টিক পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে বিশেষ সুবিধা প্রদান
- সাশ্রয়ী মূল্যে ঔষধ সংগ্রহে রোগীদের বিশেষ সহযোগিতা প্রদান, প্রয়োজনে রক্তপ্রদান সংক্রান্ত সার্বিক সহযোগিতা প্রদান
- সর্বাধুনিক চিকিৎসা প্রদানের উদ্দেশ্যে বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণের ব্যবস্থা
- প্রয়োজনে দেশ বিদেশে অধিকতর উন্নত চিকিৎসার উদ্দেশ্যে যথোপযুক্ত তথ্য ও পরামর্শ প্রদান
- ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াম মাধ্যমে ক্যান্সার প্রতিরোধে দেশব্যাপি গণসচেতনতা সৃষ্টি
- ক্যান্সারের আধুনিক চিকিৎসার ক্ষেত্রে দেশী-বিদেশী বিশেষজ্ঞদের জ্ঞান ও অভিজ্ঞতার আদান-প্রদানের উদ্দেশ্যে বৈজ্ঞানিক সম্মেলনের আয়োজন করা
- ক্যান্সার রোগী এবং তাদের পরিবারকে সমাজের বিভিন্ন ক্ষেত্রে পুনর্বাসনে সহযোগিতা করা
- ক্যান্সার রোগীর সেবা ও পরিচালনায় স্বাস্থ্যকর্মীদের দক্ষ ও যুগোপযোগী করে তোলার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা
- চিকিৎসা, সেবাকর্মীদের দক্ষতা ও ক্যান্সার চিকিৎসায় বিশ্বব্যাপী সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে তথ্যাভিজ্ঞ করে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা
- দেশে ও দেশের বাইরে ক্যান্সার আক্রান্ত রোগীদের মধ্যে পারস্পরিক ভাব ও অনুভূতি আদান প্রদানের ব্যবস্থা করা
- দেশের ও দেশের বাইরের ক্যান্সার রোগীদের মধ্যে একটি সেতুবন্ধন সৃষ্টি করা

এমসিসিসি প্রদত্ত সেবাসমূহ

- চিকিৎসকের সার্বক্ষণিক উপস্থিতির মাধ্যমে পরামর্শ
- উপদেষ্টা সেবা
- তথ্য ও রেফারেল
- ক্যান্সার রোগীদের বিনা ভাড়ায় আবাসনসহ বিবিধ সুবিধা প্রদান
- ডে-কেয়ার কেমোথেরাপি

- এমসিসিসি ডায়াগনস্টিক ল্যাবরেটরীতে রোগীদের বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা করার জন্য বিশেষ ছাড়ের সুবিধা প্রদান
- ক্যান্সার চিকিৎসায় রোগীদের সাশ্রয়ী মূল্যে ঔষধ প্রদানের ব্যবস্থা ও রক্তপ্রদানে প্রয়োজনীয় সহযোগিতা করা
- ঘাতকব্যাধি ক্যান্সার রোগীর প্রান্তিক সময়ে নিজস্ব বাসস্থানে পরিচর্যা
- ভায়া টেষ্ট এবং পরীক্ষার মাধ্যমে জরায়ু ক্যান্সারের প্রাথমিক রোগ নির্ণয়ে ক্যান্সার সংক্রান্ত সেমিনারের আয়োজন
- ক্যান্সার সংক্রান্ত সেমিনারের আয়োজন
- টেলিভিশন এবং সংবাদপত্রে ক্যান্সার প্রতিরোধ ও প্রতিকার সম্পর্কিত প্রামাণ্যচিত্র ও বিজ্ঞাপন প্রদর্শন
- ক্যান্সার রোগীদের সার্জারী এবং রেডিওথেরাপিসহ উন্নত চিকিৎসার জন্য শহরের অন্য হাসপাতালে কেন্দ্রের নিজস্ব এ্যাম্বুলেন্সে স্থানান্তর



ক্যান্সার টিপস

ক্যান্সার-নির্ণয় বিষয়ক সাধারণ কিছু পরামর্শ

- খুসখুসে কাশি কিংবা ভাস্কা কষ্টস্বর
- সহজে নিরাময় হয় না এমন ক্ষত বা প্রদাহ
- অস্বাভাবিক রক্তক্ষরণ
- গিলতে অসুবিধা বা হজমে গন্ডগোল
- তিল বা আঁচিলের সুস্পষ্ট পরিবর্তন
- মলমূত্র ত্যাগের অভ্যাসের পরিবর্তন
- শরীরের কোন অংশে পিণ্ডের সৃষ্টি হওয়া

ডায়রিয়া, বমি বা অতিরিক্ত ঘামের কারণে

পানিস্বল্পতা

শারীরিক দুর্বলতা

মৃত্যুর ঝুঁকি

প্রতিরোধে



বিষ বাহ্যে সহজে ও ইউনিকোকে
অনুসন্ধানিত করুণায় তৈরি



বিষমুক্তক অনুসন্ধানিত
করুণায় তৈরি

ডায়রিয়া প্রতিরোধের উপায়

খাবার আগে ও পরে
সঠিকভাবে হাত ধোয়া



বিস্তৃত পানি পান করা

স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহার করা



পরিস্কার পরিচ্ছন্ন থাকা

ডায়রিয়া প্রতিরোধ করুন

রোগীর জীবন বাঁচান



এই মূহর্তে আমাদের যা প্রয়োজন

- এককালীন বা মাসিক ভিত্তিতে প্রতিষ্ঠানের রক্ষণাবেক্ষণের জন্য সময়ে সময়ে আর্থিক সহযোগিতা
- চিকিৎসা সরঞ্জামাদি (ক্লিনিক্যাল ও ডায়াগনোস্টিক)
- ঔষধপত্র (ক্যান্সারের ঔষধ, কেমিক্যালস এবং ডায়াগনোস্টিক পরীক্ষা-নিরীক্ষার জন্য ব্যবহৃত রাসায়নিক উপাদানসমূহ)
- ক্যান্সার চিকিৎসা বিষয়ক বই, সাময়িকী, গ্লিফলেট, গবেষণাপত্র এবং অন্যান্য রোগ উপশমকারী উপাদান
- ডাক্তার, নার্স, সমাজসেবা-কর্মী এবং স্বাস্থ্যসেবীকে পরামর্শ, ডায়াগনোসিস, চিকিৎসা এবং উপশমকারী ব্যবস্থা সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান
- জমি/বাড়ী (নিজস্ব জমিতে পূর্ণাঙ্গ হাসপাতাল তৈরীর জন্য)
- পৃথকভাবে বিভিন্ন রোগীকে সহায়তা

ভবিষ্যত
কর্মপন্থা

- এককালীন বা মাসিক ভিত্তিতে প্রতিষ্ঠানের রক্ষণাবেক্ষণের জন্য সময়ে সময়ে আর্থিক সহযোগিতা
- চিকিৎসা সরঞ্জামাদি (ক্লিনিক্যাল ও ডায়াগনোস্টিক)
- ঔষধপত্র (ক্যান্সারের ঔষধ, কেমিক্যালস এবং ডায়াগনোস্টিক পরীক্ষা-নিরীক্ষার জন্য ব্যবহৃত রাসায়নিক উপাদানসমূহ)

● নগদ ● চেক

এছাড়াও অন্য যেকোন ধরণের সহযোগিতা প্রদানের জন্য মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টার, বাংলাদেশ - এর নামে অথবা নিচের ঠিকানায় অনুগ্রহপূর্বক যোগাযোগ করুন।

কিভাবে
সাহায্য করবেন

বাংলাদেশ : মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টার, বাড়ি ৩৭/১, রোড ৩, ধানমন্ডি আ/এ, ঢাকা ১২০৫

যুক্তরাজ্য : ৪৪ রেড মিড রোড, হেইস, মিডল সেক্স, ইউ বি ৩৪ এ এক্স, যুক্তরাজ্য। ফোন : ০০৪৪-২০৮-৫৬১-৯১৫২

আমেরিকা : ৭৪৪১ হাইওয়ে ৭০ এস, এ্যাপ নং ৪৬৮, ন্যাশভিল, টেনিসী ৩৭২২১
ফোন : ৫৭১-২৯৪-৪৭৬৪, ৬১৫-৫৩০-৪৫২০ mcccmbf@hotmail.com

বিশেষ দ্রষ্টব্য :

আপনাকে অনুরোধ করা
যাচ্ছে যে, সময় ও সুযোগ
মত কেন্দ্র পরিদর্শন করুন
অথবা আমাদের ওয়েব সাইড
(www.mcccdbd.org)
থেকে কেন্দ্রটি সম্পর্কে
বিশদভাবে জেনে নিন



an inset media production

মোসাব্বির ক্যান্সার কেয়ার সেন্টার

ক্যান্সার রোগীদের সেবায় আত্মনিবেদিত একটি অলাভজনক প্রতিষ্ঠান

Mosabbir Cancer Care Centre (MCCC)
 House # 37/1, Road # 03, Dhanmondi R/A,
 Dhaka-1205, Bangladesh
 Receipts & Payments Account
 For the Period from 1st July 2016 to 30th June 2017

RECEIPTS	<u>Amount(Tk)</u>	PAYMENTS	<u>Amount (Tk)</u>
<u>Opening Balance:</u>		<u>Expenses Related to Patients support:</u>	
Cash in Hand-	109,234.00	Free accommodation during treatment	908,260.00
Cash at Bank-	18,643,875.79	(H.R+all utilities)-	706,781.00
(SCB+SEB Bank)	18,753,109.79	Medical Support-	
		(Pay and allowances of doctors, nurses, cleaner, etc)	215,483.00
Donation Received:	6,784,437.70	Medicine Support-	
		(Some Medicine Purchased from the Market in addition to free Medicines donated by Pharmaceutical companies)	423,258.00
<u>Others Earning:</u>		Free Ambulance Service-	
Registration of patients-	4,500.00	(Salary & Bonus of drivers cost of fuel, maintenance and garage rent)	253,547.00
Patients attendants cleaning	120,800.00	Anti Cancer drive-	
Service charge-		(Printing, postage, telephone, publication, Audit fee, registration renewal etc.)	264,424.00
Participatory fee from patients	33,310.00	Pathology Service-	731,870.00
@Tk=10.00 per head-	19,955.00	Medical Campaign-	
MCCC Lab-	80,000.00	(Out-door, Free-Friday Clinic etc.)	715,389.00
Advertisement for newsletter-	800.00	Administrative Expenditure-	
Sale of old and worn out items-	10,880.00	(Salary & Bonus of officer And other staff including S. guard)	97,480.00
Health Card-	10,000.00	Fund raising-	
Transfer from MMF-	280,245.00	Office Furniture, Equipment & Machinery-	6,095.00
		Office Maintenance-	78,869.00
		(Excludes vehicles maintain)	
		Miscellaneous-	54,216.00
		Bank Charge-	7,890.00
			4,463,562.00
		<u>Closing Balance :</u>	
		Cash in Hand-	107,015.00
		Cash at Bank : SCB	11,247,215.49
		SEB	10,000,000.00
			21,354,230.49
			25,817,792.49
	25,817,792.49		


M.N. ISLAM & COMPANY
 CHARTERED ACCOUNTANTS